



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
উপজেলা-২ শাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ৪৬.০৪৫.০২২.১০.০৪.০০৪.২০১১(অংশ-২)-৫৩


তারিখ: ০৭ মাঘ ১৪২৭  
২১ জানুয়ারি ২০২১

বিষয়: বাংলাদেশের পতাকা বিধিমালা, ১৯৭২ এর বিধান প্রতিপালন সংক্রান্ত।

সূত্র : মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-১৪৬, তারিখ: ৩১/১২/২০২০ খ্রিষ্টাব্দ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে বাংলাদেশের জাতীয় পতাকা উত্তোলনের সময় বাংলাদেশের পতাকা বিধিমালা, ১৯৭২ এর বিধি ৭(২৫) সহ অন্যান্য বিধি-বিধান কঠোরভাবে অনুসরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত পত্রটি এতদসাথে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে ১ (এক) পৃষ্ঠা

  
২১/০১/২০২১  
(মোহাম্মদ সামছুল হক)  
উপসচিব  
ফোন: ৯৫৭৭২৩০  
e-mail: [lgd.upazila2@gmail.com](mailto:lgd.upazila2@gmail.com)

জেলা প্রশাসক (সকল)

-----।

অনুলিপি:

- ১। বিভাগীয় কমিশনার, সকল বিভাগ।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
- ৪। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
বিধি অধিশাখা  
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৪২৩.২২.০০২.১৩.১৪৬

তারিখ ১৬ পৌষ ১৪২৭  
৩১ ডিসেম্বর ২০২০বিষয়: বাংলাদেশের পতাকা বিধিমালা, ১৯৭২ এর বিধান প্রতিপালন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের জাতীয় পতাকা বাংলাদেশের স্বাধীনতা, সার্বভৌমত্ব ও মর্যাদার প্রতীক। এর মর্যাদা সমুল্লত রাখা প্রত্যেক নাগরিকের দায়িত্ব ও কর্তব্য। বাংলাদেশের পতাকা বিধিমালা, ১৯৭২ (Revised up to May, 2010) এ জাতীয় পতাকা সংক্রান্ত বিধানাবলী সন্নিবেশিত রয়েছে, যার প্রতিপালন বাধ্যতামূলক। পতাকা বিধিমালা ১৯৭২-এ উল্লিখিত দিবসসমূহে আনুষ্ঠানিকভাবে পতাকা উত্তোলনের বিষয়ে সুস্পষ্ট বিধান রয়েছে যা নিম্নরূপ:

“(২৫) যেক্ষেত্রে আনুষ্ঠানিকভাবে ‘পতাকা’ উত্তোলন করা হয়, সেইক্ষেত্রে একই সাথে জাতীয় সঙ্গীত গাইতে হইবে। যখন জাতীয় সঙ্গীত বাজানো হয় এবং ‘জাতীয় পতাকা’ প্রদর্শিত হয়, তখন উপস্থিত সকলে ‘পতাকা’র দিকে মুখ করিয়া দাঁড়াইবেন। ইউনিফর্মধারীরা স্যালুটরত থাকিবেন। ‘পতাকা’ প্রদর্শন না করা হইলে, উপস্থিত সকলে বাদ্য যন্ত্রের দিকে মুখ করিয়া দাঁড়াইবেন, ইউনিফর্মধারীরা জাতীয় সঙ্গীতের শুরু হইতে শেষ পর্যন্ত স্যালুটরত থাকিবেন।”

কিন্তু সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, জেলা পর্যায়ে জাতীয় দিবসসমূহে আনুষ্ঠানিকভাবে পতাকা উত্তোলনের সময় কতিপয় জেলার ইউনিফর্মধারী ব্যক্তি বিধি অনুযায়ী জাতীয় পতাকার প্রতি যথাযথভাবে সম্মান প্রদর্শন না করে জেলা প্রশাসকের সাথে পতাকা উত্তোলন করছেন যা বিধি বহির্ভূত।

০২। এমতাবস্থায়, আনুষ্ঠানিকভাবে বাংলাদেশের জাতীয় পতাকা উত্তোলনের সময় বাংলাদেশের পতাকা বিধিমালা, ১৯৭২-এর বিধি ৭ (২৫) সহ অন্যান্য বিধি-বিধান কঠোরভাবে অনুসরণের জন্য সংশ্লিষ্ট সকলকে সতর্ক করা হলো এবং ভবিষ্যতে এ বিধিমালা যথাযথভাবে অনুসরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

প্রশাসন-১/২/জেপ/স ও কা  
নম্বর..... তারিখ.....  
২২/১২/২০২০  
১৬  
যুগ্মসচিব (প্রঃ)

স্থানীয় সরকার বিভাগ  
সিনিয়র সচিবের দপ্তর

১) অতিরিক্ত সচিব	৫) প্রশাসন
২) মহাপরিচালক	৬) নগর উন্নয়ন
৩) যুগ্মসচিব	৭) উন্নয়ন
৪) যুগ্মসচিব (পরিকল্পনা)	৮) পানি সম্পদ (পেস)
	৯) উপজেলা অধিশাখা
	১০) ইউপি অধিশাখা
	১১) অডিট অধিশাখা
	১২) স্বাইন অধিশাখা

ডায়েরী নম্বর:.....  
তারিখ: ১৬/১২/২০২০  
স্বাক্ষর

৩১.১২.২০২০  
(শফিউল আজিম)  
যুগ্মসচিব

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
- ৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
- ৪। সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়।
- ৫। সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়।
- ৬। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
- ৭। বিভাগীয় কমিশনার (সকল)।
- ৮। জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট (সকল)।
- ৯। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

অতিরিক্ত সচিব (প্রশাসন)  
নম্বর..... তারিখ.....  
১৬/১২/২০